BENGALI EDITION
GLOBAL HISTORY AND GEOGRAPHY II
THURSDAY, JANUARY 23, 2025
9:15 A.M. TO 12:15 P.M., ONLY

The University of the State of New York

**REGENTS HIGH SCHOOL EXAMINATION**

# বৈশ্বিক ইতিহাস এবং ভূগোল II

**বৃহস্পতিবার,** 23 জানুয়ারি, 2025 — সকাল 9:15 থেকে দুপুর 12:15 পর্যন্ত, শুধু

শিক্ষার্থীর নাম________________________________________

স্কুলের নাম ________________________________________

**এই পরীক্ষার সময় যেকোনো রকমের যোগাযোগকারী ডিভাইস রাখা বা ব্যবহার করা কঠোরভাবে নিষিদ্ধ। যদি আপনার কাছে কোনো যোগাযোগকারী ডিভাইস থাকে বা ব্যবহার করেন, তাহলে সেটা যত কম সময়ই কাছে থাকুক বা ব্যবহার করে থাকুন না কেন, আপনার পরীক্ষা বাতিল করা হবে এবং কোনো নম্বর দেওয়া হবে না।**

উপরের লাইনগুলোতে আপনার নাম ও আপনার স্কুলের নাম লিখুন। আপনাকে একটি আলাদা উত্তরপত্র প্রদান করা হয়েছে। আপনার উত্তর-পত্রের শিক্ষার্থী সম্পর্কিত তথ্য সম্পন্ন করার জন্য প্রক্টরের দেওয়া নির্দেশাবলী অনুসরণ করুন। তারপর আপনার রচনা পুস্তিকার প্রতিটি পৃষ্ঠার শিরোনাম পূরণ করুন।

এই পরীক্ষাটির তিনটি অংশ আছে। আপনাকে সব অংশের **সব** কটি প্রশ্নের উত্তর দিতে হবে। অংশ II এবং III-তে আপনার উত্তরসমূহ লেখার জন্য কালো বা গাঢ়-নীল কালি ব্যবহার করুন।

**অংশ I** এ 28টি বহুনির্বাচনী প্রশ্ন আছে। উত্তরপত্রে যেভাবে নির্দেশ দেওয়া হয়েছে সেইভাবে এই প্রশ্নগুলির উত্তরগুলি লিপিবদ্ধ করুন।

**ভাগ II** -এ দুই সেট 'গঠিত-প্রতিক্রিয়া প্রদান' (CRQ)-এর প্রশ্ন রয়েছে। প্রতিটি গঠিত-প্রতিক্রিয়া প্রদান-এর প্রশ্নের সেট দুটি নথি সমন্বিত, যাতে শেষের দিকে কয়েকটি প্রশ্ন দেওয়া রয়েছে। আপনি যখন পরীক্ষার এই ভাগে পৌঁছবেন, তখন উপরের লাইনে আপনার এবং আপনার স্কুলের নাম লিখবেন। এই পরীক্ষা পুস্তিকার প্রতিটি প্রশ্নের উত্তর সেই প্রশ্নের পরে দেওয়া লাইনগুলিতে লিখুন।

**ভাগ III** -এ পাঁচটি নথির ওপর ভিত্তি করে একটি রচনামূলক প্রশ্ন রয়েছে। আপনার রচনা পুস্তিকায় এই প্রশ্নের উত্তর লিখুন ।

এই পরীক্ষা সম্পন্ন করার পরে, আপনাকে এই উত্তরপত্রের শেষে দেওয়া মুদ্রিত বিবৃতিতে স্বাক্ষর করতে হবে এই মর্মে যে, এই পরীক্ষার আগে প্রশ্ন বা উত্তরের বিষয়ে আগে থেকে বেআইনিভাবে জানতেন না, এই পরীক্ষা চলাকালীন আপনি কোনো প্রশ্নের উত্তর দেওয়ার জন্য কারও সাহায্য পাননি বা কাউকে সাহায্য করেননি। এই ঘোষণায় স্বাক্ষর না করলে আপনার উত্তরপত্র গ্রহণ করা হবে না।

**সংকেত না দেওয়া অবধি এই পরীক্ষার পুস্তিকা খুলবেন না।**

## অংশ I

### এই অংশের সকল প্রশ্নের উত্তর দিন।

*নির্দেশনা* (1–28): প্রত্যেকটি বিবৃতি বা প্রশ্নের জন্য, প্রদত্ত শব্দ বা রাশিগুলি থেকে সেই শব্দটি বা রাশিটির *নম্বর* পৃথক উত্তরপত্রে নথিবদ্ধ করুন যা বিবৃতিটি সর্বোত্তমভাবে সম্পন্ন করে অথবা প্রশ্নটির উত্তর দেয়।

1 এবং 2 নম্বর প্রশ্নের উত্তরগুলি নিচে দেওয়া প্যাসেজ এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের ভিত্তিতে দিন

> . . . *ডাইম্যুর*যেন *বকুফুর* [শোগুনে]আদেশ মেনে চলে, সেজন্য শোগুনের নিজের পরিদর্শক ছিল। তিনি *ডাইম্যুর*-কে পর্যবেক্ষণে রাখতে তাদেরকে বিকল্প বছর এডোতে বসবাসের আদেশ দিয়েছিলেন। যখন তারা তাদের ডোমেনে ফিরে যেত, তাদের স্ত্রী ও সন্তানদের পিছনে রেখে যেতে হত। এই বিকল্প উপস্থিতি ব্যবস্থা (*সাঙ্কিন কোটাই*) *ডাইম্যুরদের* তাদের সঙ্গীদের [পরিচারকদের] সঙ্গে যাতায়াত এবং এডোতে যথাযথভাবে বিশদ বাসস্থান রক্ষণাবেক্ষণে বড় অঙ্কের অর্থ ব্যয় করতে বাধ্য করত। তাদেরকে জল সরবরাহের কাজ কিংবা এডোর শোগুনের দুর্গ মেরামতের মতো সাধারণ প্রকল্পগুলোর জন্যও সাহায্য করতে বলা হতো, কিন্তু এসব খরচ [অবদানের দাবি] পালাক্রমে উপস্থিতির নিয়মের মতো এত কঠিন ছিল না। এই নিয়ম এডোকে শুধু *বকুফু*-র রাজধানীই নয়, বরং পুরো জাপানের রাজধানীতেও পরিণত করে। . . .

উৎস: শিরোকাউয়ার এবং ক্লার্ক, আধুনিক পূর্ব এশিয়া (Modern East Asia), থমসন ওয়াডসওয়ার্থ, 2004

1 একজন ঐতিহাসিক এই অনুচ্ছেদটি সবচেয়ে বেশি উপকারী মনে করবেন

(1) টোকুগাওয়া শোগুনের অধীনে ডাইম্যুর দায়িত্বগুলো বুঝতে
(2) টোকুগাওয়া সময়কালের সরকারী প্রকল্পগুলোর নকশা বুঝতে
(3) টোকুগাওয়া সময়কালে ডাইম্যুর দ্বারা পরিচালিত পরিদর্শনগুলো বুঝতে
(4) টোকুগাওয়া শোগুনের বিদেশ নীতি নিয়ে উদ্বেগগুলো বুঝতে

2 এই অনুচ্ছেদটি দ্বারা কোন দাবিটি সবচেয়ে ভালোভাবে সমর্থন করা যেতে পারে?

(1) শোগুন দ্বারা প্রতিষ্ঠিত নিয়মাবলী এডোর আকার সীমিত করেছিল।
(2) ডাইম্যুর প্রধান ভূমিকা ছিল শোগুনের ওপর নজর রাখা।
(3) শোগুনের সেবায় প্রায়ই ব্যক্তিগত ত্যাগের প্রয়োজন ছিল।
(4) ডাইম্যু এবং শোগুন জাপানের শাসন ব্যবস্থায় সমান অংশীদার ছিলেন।

3 ও 4 নম্বর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া অনুচ্ছেদ এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> . . . আঠারো শতকে ভারত ছিল এমন এক সাম্রাজ্য, যা সহজেই দখল করা সম্ভব ছিল। নানান সম্পদে সমৃদ্ধ এই বিশাল ভূখণ্ড ছিল অসংখ্য রাজ্যে বিভক্ত, প্রান্তিক এলাকাগুলোতে উপনিবেশ স্থাপন করা হয়েছিল, আর ক্রমাগত যুদ্ধে ভেঙে পড়েছিল। 1730 এর দশক নাগাদ, মুঘল সাম্রাজ্য, যা একসময় ভূখণ্ডের দুই-তৃতীয়াংশ শাসন করেছিল, পতন হয়েছিল; প্রচুর নতুন রাজ্য গড়ে উঠেছিল; প্রাচীন রাজ্যগুলি, একসময় এই সাম্রাজ্যের অধীনে ছিল, তাদের পূর্ণ স্বাধীনতা পুনরুদ্ধার করেছিল। আর তারপর এল বিদেশীরা।
>
> কিছু, যেমন গোয়ার পর্তুগিজরা, তেমন গুরুত্বপূর্ণ ছিল না: তারা শুধুমাত্র একটি বন্দর আর তার আশপাশের এলাকা নিয়ন্ত্রণ করত ব্যবসার জন্য—মশলা, চাল, হাতির দাঁত, মূল্যবান পাথর, বিরল কাঠ, আর সিল্কের বাণিজ্যই ছিল তাদের মূল লক্ষ্য—তাদের আকাঙ্ক্ষা এর বাইরে খুব একটা ছিল না। অন্যরা, যেমন ফরাসিরা, একসময় ভারতে একটি সাম্রাজ্য স্থাপনের আশা করেছিল, কিন্তু সপ্তবর্ষব্যাপী যুদ্ধে (1756-1763) গ্রেট ব্রিটেন তাদের পরাজিত করে, এবং তারা মাত্র পাঁচটি বন্দরের অধিকারী হয়েছিল। বাকি ছিল ব্রিটিশরা, বা বলতে গেলে সেই অদ্ভুত প্রতিষ্ঠান, ইস্ট ইন্ডিয়া কোম্পানি। . . .

উৎস: অলিভিয়ার বার্নিয়ার, *1800-র বিশ্ব* (The World in 1800), জন উইলি অ্যান্ড সন্স, 2000

3 এই অনুচ্ছেদে বর্ণিত পরিস্থিতি মুঘল শাসনের উপর কী প্রভাব ফেলেছিল?

(1) মুঘল রাজনৈতিক ও অর্থনৈতিক কর্তৃত্ব আরও কেন্দ্রীভূত হয়ে গিয়েছিল।
(2) ভারতের বিদেশী প্রভাব মুঘলদের ভূ-খণ্ডের নিয়ন্ত্রণ হারাতে বাধ্য করেছিল।
(3) মুঘলরা ফরাসি হস্তক্ষেপের বিরুদ্ধে সফল প্রতিরোধ অভিযান চালিয়েছিল।
(4) ইউরোপীয় দেশগুলোর মধ্যে প্রতিযোগিতা মুঘলদের স্থায়িত্ব বাড়িয়ে দিয়েছে।

4 এই অনুচ্ছেদটি ঐতিহাসিকদের জন্য সবচেয়ে ভালোভাবে ব্যবহার করা যেতে পারে

(1) হিন্দু এবং মুসলিমদের মধ্যে শান্তিপূর্ণ সহাবস্থানের বিষয়টি ব্যাখ্যা করতে
(2) ভারতের নগরায়ন এবং শিল্পায়নের সামাজিক প্রভাব সম্পর্কে
(3) ইউরোপীয় অভিবাসন এবং রোগ ছড়ানোর মধ্যে সম্পর্ক নিয়ে
(4) ভারতের শক্তির ভারসাম্য এবং বাণিজ্যের পরিবর্তনশীলতা নিয়ে

5 ও 6 নম্বর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া কার্টুন এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।




উৎস: বার্ট্রাম এ. ফিটজেরাল্ড জুনিয়র, সম্পাদিত, *তুসাঁ ল'উভেরচারের কাহিনী এবং হাইতির জন্ম* (The Saga of Toussaint L'Ouverture and The Birth of Haiti), ফিটজেরাল্ড পাবলিশিং কোম্পানি, 1966

5 এই কার্টুনে হাইতির মানুষের কর্মকাণ্ডকে কোন বিষয়গুলো প্রভাবিত করেছে?

(1) হাইতির বিপ্লবীদের দ্বারা মার্কসবাদী ধারণার গ্রহণ
(2) হাইতিতে জ্ঞানদীপ্তির ধারণার বিস্তার
(3) বোলিভারের (Bolívar) নেতৃত্বে স্প্যানিশ উপনিবেশগুলোর বিদ্রোহ
(4) ল্যাটিন আমেরিকায় ক্যাথলিক চার্চের দুর্বলতা

6 এই কার্টুনে দেখানো পরিস্থিতির একটি প্রধান ফলাফল কী ছিল?

(1) হাইতির মানুষের স্বাধীনতার জন্য টুসেইন্ট ল'ওভারচু (Toussaint L'Ouverture)-র নেতৃত্বে একটি বিপ্লব শুরু হয়।
(2) হাইতিতে যৌথভাবে শাসনের জন্য নেপোলিয়ন (Napoleon) টুসেইন্ট ল'ওভারচু (Toussaint L'Ouverture)-র সাথে একটি জোট গঠন করে।
(3) ফরাসি রাজতন্ত্র হাইতিকে কোনো রক্তপাত ছাড়াই অধিকার প্রদান করে।
(4) হাইতির ফরাসি শ্বেতাঙ্গরা একটি নতুন সরকার গঠন করে যা দাসপ্রথা বিলুপ্ত করেছিল।

7 নম্বর প্রশ্নের উত্তর নিচে দেওয়া ম্যাপ এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের ভিত্তিতে দিন।




উৎস: *ফাইলে ঐতিহাসিক মানচিত্র* (Historical Maps on File), মার্টিন গ্রিনওয়াল্ড অ্যাসোসিয়েটস, 1984 (অভিযোজিত)

7 এই মানচিত্রে দেখানো প্রধান পরিবর্তনগুলিকে কোন ধারণা সবচেয়ে বেশি প্রভাবিত করেছে?

(1) সার্বজনীন ভোটাধিকার
(2) বিচ্ছিন্নতাবাদ
(3) দাসদের মুক্তি
(4) জাতীয়তাবাদ

8 এবং 9 নম্বর প্রশ্নের উত্তর নিচে দেওয়া অনুচ্ছেদ এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের ওপর ভিত্তি করে দিন।

> ইংল্যান্ডের উৎপাদনের সুবিধাগুলোকে অন্য দেশের সঙ্গে তুলনা করতে গেলে, আমরা দেশের চমৎকার বাণিজ্যিক অবস্থানকে মোটেও উপেক্ষা করতে পারি না—এটি ইউরোপের উত্তর ও দক্ষিণের মাঝে অবস্থিত এবং এর অন্তর্বর্তী পরিস্থিতি [দ্বীপসাদৃশ্য অবস্থান], যা সমুদ্রের উপর নিয়ন্ত্রণের পাশাপাশি আমাদের অঞ্চলকে আক্রমণ বা বিভিন্ন ঝামেলা থেকে নিরাপদ রাখে। জার্মান সাগর, বাল্টিক সাগর, এবং ভূমধ্যসাগর আমাদের জাহাজগুলোর জন্য নিয়মিত রুট এবং আমাদের পশ্চিমাঞ্চলীয় বন্দরগুলোর মাধ্যমে আটলান্টিকের দিকে এবং বিশ্বের প্রতি\[প্রান্তে] [অবাধ] পথনির্দেশ করে।

উৎস: এডওয়ার্ড বেইন্স, *গ্রেট ব্রিটেনে তুলার উৎপাদনের ইতিহাস* (History of the Cotton Manufacture in Great Britain), এই. ফিশার, আর. ফিশার, এবং পি. জ্যাকসন, 1835

8 এই অনুচ্ছেদ দ্বারা কোন দাবিটি সবচেয়ে ভাল সমর্থিত হয়?

(1) ইংল্যান্ডের কাছে আটলান্টিক মহাসাগরের কারণে সেখানে অনেক বৈচিত্র্যময় সংস্কৃতি রয়েছে।
(2) জার্মানির নিকটে হওয়ার কারণে ইংল্যান্ড আক্রমণের শিকার হতে পারে।
(3) দ্বীপের অবস্থানের কারণে ইংল্যান্ডের অনেক অর্থনৈতিক সুবিধা রয়েছে।
(4) ইংল্যান্ড বিদেশি বাণিজ্য নেটওয়ার্ক থেকে বিচ্ছিন্ন।

9 এই অনুচ্ছেদে বর্ণিত ভৌগোলিক প্রেক্ষাপটের সঙ্গে কোন টার্নিং পয়েন্টটি সবচেয়ে ঘনিষ্ঠভাবে জড়িত?

(1) শিল্প বিপ্লব
(2) দ্য গ্রেট ডিপ্রেশন/অর্থনৈতিক মহামন্দা
(3) রুশ বিপ্লব
(4) প্রথম বিশ্বযুদ্ধ

10 ও 11 নম্বর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া অনুচ্ছেদ এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

চিনুয়া আচেবি (Chinua Achebe) নাইজেরিয়ার একজন লেখক ছিলেন।

> "শ্বেতাঙ্গরা আমাদের জমির রীতি-নীতি সম্পর্কে কী বোঝে?"
>
> "সে কীভাবে বুঝবে, যখন সে আমাদের ভাষা পর্যন্ত বলতে পারে না?
>
> কিন্তু সে বলে আমাদের রীতিগুলো খারাপ; আর আমাদের নিজের ভাইয়েরা, যারা তার ধর্ম গ্রহণ করেছে, তারাও বলে আমাদের রীতিগুলো খারাপ। যখন আমাদের নিজেদের ভাই আমাদের বিরুদ্ধে চলে গেছে, আমরা কীভাবে লড়াই করব বলে ভাবছেন? শ্বেতাঙ্গরা খুব চালাক। সে নীরবে এবং শান্তিপূর্ণভাবে তার ধর্ম নিয়ে এসেছে। আমরা তার বোকামিতে মজা পেয়েছিলাম এবং তাকে থাকতে দিয়েছিলাম। এখন সে আমাদের ভাইদের জয় করেছে, আর আমাদের সম্প্রদায় আর একসাথে কাজ করতে পারছে না। সে আমাদের ঐক্যবদ্ধ থাকার জিনিসগুলোর উপর ছুরি চালিয়েছে, আর আমরা ভেঙে পড়েছি।"

উৎস: চিনুয়া আচেব, *থিংস ফল অ্যাপার্ট* (Things Fall Apart), অ্যাঙ্কর বুকস

10 এই অনুচ্ছেদে বর্ণিত পরিস্থিতির উপর কোন ঘটনা সবচেয়ে বেশি প্রভাব ফেলেছে?

(1) বার্লিন সম্মেলন
(2) দ্বিতীয় বিশ্বযুদ্ধ
(3) ভিয়েনা কংগ্রেস
(4) ভার্সাই চুক্তি

11 এই অনুচ্ছেদটি কোন উদ্দেশ্যে সবচেয়ে ভালোভাবে ব্যবহার করা যেতে পারে?

(1) সেই সময়কালে আদিবাসী মানুষের দৃষ্টিভঙ্গি তুলে ধরার জন্য
(2) ঠাণ্ডা লড়াইয়ের সময়কালের ঘটনা ব্যাখ্যা করতে একটি প্রাথমিক তথ্যের উৎস হিসেবে
(3) প্রতিরোধের পদ্ধতির উদাহরণ দেওয়ার জন্য যা অন্যান্য সমাজে অনুসরণ করা যেতে পারে
(4) ধর্মীয় সহিষ্ণুতা এবং ঐতিহ্যবাহী সংস্কৃতির প্রতি গুরুত্ব দেওয়ার জন্য নীতিমালা তৈরি করতে

12 ও 13 নম্বর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া কার্টুন এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।




উৎস: নেলসন হার্ডিং, “একটি ভয়ঙ্কর পরিস্থিতি” (A Threatening Situation), *ব্রুকলিন ঈগল* (Brooklyn Eagle), 4 ডিসেম্বর, 1912

12 এই কার্টুনে চিত্রিত পরিস্থিতির ফলাফল হিসেবে কোন ঘটনাটি ঘটেছিল?

(1) ফ্রান্সের দ্বারা নিরস্ত্র জাহাজগুলিকে ডুবানো
(2) ওয়েইমার সরকার প্রতিষ্ঠা
(3) ভার্সাই চুক্তির প্রত্যাখ্যান
(4) অস্ট্রিয়ার আর্চডিউকের হত্যাকাণ্ড

13 কার্টুনের ভিত্তিতে, কোন বিবৃতিটি অঙ্কনকারীর দৃষ্টিভঙ্গি সবচেয়ে যথাযথভাবে বর্ণনা করে?

(1) ইউরোপীয় সামরিকতন্ত্র সংঘাত প্রতিরোধ করেছিল।
(2) ইউরোপীয় শান্তি সমষ্টিগত নিরাপত্তার উপর নির্ভর করে।
(3) ইউরোপীয় জোটের একটি সিস্টেম ইউরোপে উত্তেজনার বিস্তার ঘটিয়েছিল।
(4) সার্বিয়া অন্যান্য ইউরোপীয় দেশগুলির সাথে জড়িত হওয়া এড়াতে পেরেছিল।

14 এবং 15 নম্বর প্রশ্নের উত্তরগুলি নিচে দেওয়া কার্টুন এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

**দরজার পাপোশ।**




উৎস: ডেভিড লো, *ইভনিং স্ট্যান্ডার্ড* (Evening Standard), 19 জানুয়ারি, 1933 (অভিযোজিত)

14 এই কার্টুনে দেখানো ঘটনাগুলির একটি কারণ হিসেবে কোন পরিস্থিতিকে বিবেচনা করা হয়?

(1) জার্মানির পোল্যান্ড আক্রমণ
(2) লীগ অফ নেশন্সের দ্বারা ঘোষিত আত্মনিয়ন্ত্রণের নীতি
(3) প্রথম বিশ্বযুদ্ধের পর করা গোপন চুক্তিগুলির ব্যর্থতা
(4) আক্রমণকারী দেশগুলিকে নিয়ন্ত্রণ করতে লিগ অফ নেশন্সের অক্ষমতা

15 এই কার্টুন থেকে লীগ সম্পর্কে কোন দাবিটি সবচেয়ে বেশি সমর্থনযোগ্য?

(1) এটি জাপানকে মাঞ্চুরিয়া আক্রমণ করতে সুযোগ দিয়েছিল প্রতিরোধ ছাড়াই।
(2) এটি মাঞ্চুরিয়ায় জাপানের আক্রমণকে সমর্থন করেছিল সৈন্য সরবরাহের মাধ্যমে।
(3) মাঞ্চুরিয়া আক্রমণের পর এটি জাপানের উপর আক্রমণ করেছিল, কিন্তু যুদ্ধে পরাজিত হয়েছিল।
(4) এটি মূল সনদে গ্রেট ব্রিটেনকে অন্তর্ভুক্ত করতে ব্যর্থ হয়েছিল।

16 এবং 17 নম্বর প্রশ্নের উত্তরগুলি নিচে দেওয়া কার্টুন এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

***‘মনে রাখো ... আরেকটি ললিপপ। তারপর তোমরা সবাই বাড়ি চলে যাবে!’***




ড. সিউস, পিএম (PM)

16 এই কার্টুনে চিত্রিত পরিস্থিতির সরাসরি কারণ কী ছিল?

(1) ইউরোপীয়দের আরেকটি যুদ্ধে জড়ানোর প্রতি অনীহা

(2) জার্মান সামরিকতন্ত্রের প্রতি আন্তর্জাতিক সমর্থন

(3) ইউরোপীয় শান্তি প্রতিষ্ঠার প্রক্রিয়ার সফলতা

(4) মিত্রশক্তির জার্মানের যুদ্ধ ক্ষতিপূরণের দাবি

17 এই কার্টুনে দেখানো কার্যকলাপের তাৎক্ষণিক প্রভাব কী ছিল?

(1) দ্বিতীয় বিশ্বযুদ্ধে মার্কিন যুক্তরাষ্ট্রের অংশগ্রহণ।

(2) নাৎসিরা নতুন নতুন অঞ্চল দখল করতে থাকে।

(3) উইলসনের (Wilson) চৌদ্দ দফা দাবি জার্মানিকে তাদের সামরিক বাহিনী পুনর্গঠনের অনুমতি দেয়।

(4) ন্যুরেমবার্গে নাৎসি নেতাদের মানবতার বিরুদ্ধে অপরাধের জন্য বিচার করা হয়।

18 নম্বর প্রশ্নের উত্তর নিচে দেওয়া শিরোনাম এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> **মার্কিন যুক্তরাষ্ট্রের কিউবা অবরোধ, রাশিয়াকে বলছে 'দূরে থাকো'**
>
> উৎস: *অ্যারিজোনা রিপাবলিক* (Arizona Republic), 23 অক্টোবর, 1962

> **বিশেষজ্ঞরা বলছেন বার্লিন অবরোধ বিপরীত প্রভাব ফেলছে**
>
> উৎস: *বস্টন ডেইলি লিডার* (Boston Daily Leader), 24 *নভেম্বর*, 1948

> **চেকোস্লোভাকিয়ায় রুশ এবং চারটি ওয়ারশ প্যাক্ট বাহিনীর হামলা, প্রাগে জনতার উপর গুলি**
>
> উৎস: *নিউ ইয়র্ক টাইমস* (New York Times), 21 *আগস্ট*, 1968

18 ঠাণ্ডা লড়াই সম্পর্কে কোন বিবৃতিটি এই শিরোনামগুলি দ্বারা সবচেয়ে ভাল সমর্থিত?

(1) এটি সহিংসতার বিস্তার প্রতিরোধ করেছিল।
(2) এটি যুক্তরাষ্ট্র এবং সোভিয়েত ইউনিয়নের মধ্যে সরাসরি সামরিক সংঘর্ষ ঘটায়।
(3) এটি সারা বিশ্বের বিভিন্ন দেশ এবং অঞ্চলে প্রভাব ফেলেছিল।
(4) জাতিসংঘের হস্তক্ষেপের প্রয়োজন ছিল।

19 ও 20 নম্বর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া কার্টুন এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।




'আমি আমার চোখকে বিশ্বাস করতে পারছি না!'

উৎস: এডমন্ড ভল্টম্যান, *ওয়াটারবেরি রিপাবলিকান* (Waterbury Republican), 1991

19 এই কার্টুনে কোন ঘটনাটি দেখানো হয়েছে?

(1) জার নিকোলাস দ্বিতীয় (Czar Nicholas II)-এর শাসন

(2) আন্তর্জাতিক ফৌজদারি আদালতের সৃষ্টি

(3) সোভিয়েত ইউনিয়নের পতন

(4) অর্থোডক্স চার্চের ক্ষমতার হ্রাস

20 এই কার্টুনে দেখানো পরিস্থিতির জন্য সরাসরি সবচেয়ে বেশি কোন নীতি অবদান রেখেছে?

(1) লেনিন (Lenin)-এর নতুন অর্থনৈতিক নীতি

(2) স্তালিন (Stalin)-এর পাঁচ বছরের পরিকল্পনা

(3) দেং (Deng)-এর চারটি আধুনিকীকরণ

(4) গর্বাচেভ (Gorbachev)-এর গ্লাসনস্ত নীতি

21 ও 22 নম্বর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া অনুচ্ছেদ এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> . . .আমি জনগণকে স্মরণ করিয়ে দিয়েছিলাম যে আমাদের জমি আমাদেরই এবং আমরা দাসত্ব এবং শোষণ ও অত্যাচারের অধীনে বাস করতে চাই না; পূর্ণ স্বায়ত্তশাসনের অধীনে থাকলেই আমরা দেশে উন্নয়ন ঘটাতে সক্ষম হবো, যাতে আমাদের জনগণ আধুনিক সভ্যতার আরাম ও সুবিধা উপভোগ করতে পারে। আমি তাদের বোঝালাম যে আমাদের স্বায়ত্তশাসনের দাবিকে সমর্থন করার জন্য একটি ইতিবাচক কর্মসূচি প্রয়োজন যা আইনসঙ্গত আন্দোলন, সংবাদপত্র এবং রাজনৈতিক শিক্ষামূলক প্রচারাভিযান এবং অহিংসার নীতির উপর ভিত্তি করে ধর্মঘট, বয়কট এবং অসহযোগ আন্দোলন অন্তর্ভুক্ত থাকবে। আমি কূটনীতি ও প্রতারণার বিরুদ্ধে পরামর্শ দিয়েছিলাম, কারণ আমি তাদের বলেছিলাম যে ব্রিটিশরা, যেহেতু তারা নিজেরাই অতীতে কূটনৈতিক কৌশলের মাস্টার ছিল, আমাদের কাছ থেকে সৎ ও দৃঢ়তার আশা করবে। সহযোগিতা ও তুষ্টিকরণ নীতি আমাদের তাৎক্ষণিক স্বায়ত্তশাসনের সংগ্রামে কোনোকিছু অর্জনে সাহায্য করবে না। . . .

উৎস: কওমে নক্রুমাহ, *কওমে নক্রুমাহ-র আত্মজীবনী* (The Autobiography of Kwame Nkrumah), থমাস নেলসন অ্যান্ড সন্স, 1957

21 এই অনুচ্ছেদের তথ্য অনুযায়ী কোন দাবিটি সবচেয়ে যুক্তিসঙ্গত?

(1) ব্রিটেন আফ্রিকানদের সঙ্গে আলোচনা থেকে বিরত ছিল।
(2) কওমে নক্রুমাহ (Kwame Nkrumah) ব্রিটেন থেকে স্বাধীনতা চেয়েছিলেন।
(3) ইউরোপীয় উপনিবেশগুলোর স্বায়ত্তশাসন পাওয়ার জন্য শুধু শিক্ষা যথেষ্ট।
(4) ইউরোপীয় শক্তিগুলি উপনিবেশগুলোর স্বাধীনতার দাবিকে উৎসাহিত করেছিল।

22 এই অনুচ্ছেদে বর্ণিত পদ্ধতিগুলি ব্যবহার করেছিলেন কোন নেতা?

(1) হো চি মিন (Ho Chi Minh)
(2) মাও জে দোং (Mao Zedong)
(3) মোহনদাস গান্ধী (Mohandas Gandhi)
(4) আয়াতুল্লাহ খোমেনি (Ayatollah Khomeini)

23 ও 24 নম্বর প্রশ্নের উত্তরগুলি নিচে দেওয়া অনুচ্ছেদ এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> . . . ভারতের বিভাজন এবং কাশ্মীর নিয়ে সংঘাত, একটি হিন্দু রাজবংশ দ্বারা শাসিত একটি মুসলিম সংখ্যাগরিষ্ঠ রাজ্য, যা দ্বি-জাতি তত্ত্ব সহ স্থানীয় স্বার্থ ও দর্শন দ্বারা অনুপ্রাণিত হয়েছিল, সেই অনুসারে ব্রিটিশ ভারতের মুসলমানদের তাদের নিজেদের দেশ পাকিস্তানকে দেওয়া উচিৎ। উৎস: পাকিস্তানের প্রতিষ্ঠাতা মোহাম্মদ আলি জিন্নাহ (Muhammad Ali Jinnah)-র মতে:
>
> "হিন্দু ও মুসলমান দুই ভিন্ন ধর্মীয় দর্শন, সামাজিক প্রথা এবং সাহিত্যিক ঐতিহ্যের অন্তর্গত। তারা পরস্পরের সঙ্গে বিবাহবন্ধনে আবদ্ধ হয় না বা একসঙ্গে খাওয়া-দাওয়াও করে না, তারা দুই ভিন্ন সভ্যতার অংশ, যেগুলো মূলত পরস্পরবিরোধী চিন্তা ও ধারণার ওপর ভিত্তি করে গড়ে উঠেছে।"
>
> হিন্দু ও মুসলমান দুই ভিন্ন সভ্যতার অন্তর্ভুক্ত, এই ধারণা অনেক আধুনিক চিন্তাবিদদের কাছে বিতর্কিত, যারা উপমহাদেশের বিভেদের ব্যাখ্যা হিসেবে ব্রিটিশ শাসনকে দোষারোপ করছেন। জিন্নাহ (Jinnah) যে ভিন্ন সামাজিক রীতি ও দর্শনের কথা উল্লেখ করেছিলেন, তা কি ঔপনিবেশিক ষড়যন্ত্রের ফল? নাকি আরও গভীর সভ্যতাগত বিভাজন আছে? . . .

আখিলেশ পিল্লালামার্রি, "দক্ষিণ এশিয়ায় হিন্দু-মুসলিম বিবাদের উদ্ভব" (The Origins of Hindu-Muslim Conflict in South Asia), *দ্য ডিপ্লোম্যাট* (The Diplomat), 16 মার্চ, 2019

23 এই অনুচ্ছেদের ভিত্তিতে পাকিস্তান সৃষ্টির প্রয়োজনীয়তার সম্পর্কে কোন দাবিটি যথাযথভাবে সমর্থনযোগ্য?

(1) মুসলিম এবং হিন্দু ঐতিহ্যের সংমিশ্রণ হারানোর উদ্বেগগুলি বিবেচনা করা উচিৎ।
(2) স্থানীয় বাসিন্দাদের সিদ্ধান্ত নেওয়ার সুযোগ দেওয়া উচিৎ যে কাশ্মীর মুসলমানদের নিয়ন্ত্রণে থাকবে, না হিন্দুদের।
(3) মুসলমানদের সাংস্কৃতিক পরিচয় হিন্দুদের থেকে আলাদা এবং স্বতন্ত্র।
(4) মুসলমান এবং হিন্দুরা ঔপনিবেশিক সহায়তা ছাড়া শান্তিতে থাকতে পারবে না।

24 এই অনুচ্ছেদের ভিত্তিতে, কিছু আধুনিক চিন্তাবিদ মনে করেন যে ভারতীয় উপমহাদেশে হিন্দু ও মুসলমানদের মধ্যে চলমান উত্তেজনার কারণ ছিল

(1) ভারতের নেতাদের ধর্মনিরপেক্ষ ধারণায় বিশ্বাস
(2) ব্রিটিশ রাজের নীতিগুলি
(3) বৌদ্ধ সন্ন্যাসীদের দর্শন
(4) হিন্দু মন্দিরের সামাজিক রীতিনীতি

25 ও 26 নম্বর প্রশ্নগুলির উত্তর নিচে দেওয়া অনুচ্ছেদ এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

> . . .নতুন তুর্কি সংবিধান, যা এপ্রিল 1924 সালে গৃহীত জাতীয় সার্বভৌমত্বের নীতির উপর ভিত্তি করে; "নতুন শাসনব্যবস্থা" এখন আইনি কাঠামো পেয়েছে। 1925 সালের নভেম্বর মাসে পশ্চিমা হেডগিয়ার আনুষ্ঠানিকভাবে গৃহীত হয়। একই মাসে ধর্মীয় প্রতিষ্ঠানগুলো এবং তাদের স্থাপনাগুলো নিষিদ্ধ করা হয়। ডিসেম্বর 1925-এ একটি নতুন আইন পাশ করা হয়, যেখানে জানুয়ারি 1926 থেকে পাশ্চাত্য ক্যালেন্ডার ও সময় পদ্ধতি কার্যকর করার সিদ্ধান্ত নেওয়া হয়। ফেব্রুয়ারি মাসে সুইস আইনের দ্বারা অনুপ্রাণিত একটি নতুন দেওয়ানি আইন প্রণয়ন করা হয়, যা বিবাহ, পরিবার ও সম্পত্তির আইনি ভিত্তিকে পরিবর্তন করে দেয়। . . .
>
> এপ্রিল 1928-এ, 1924 সালের সংবিধানের 2 নম্বর ধারা, যা ইসলামকে তুর্কি রাষ্ট্রের সরকারি ধর্ম হিসেবে উল্লেখ করেছিল, তা বাতিল করা হয়। মে 1928-এ লাতিন সংখ্যা গৃহীত হয়, এবং একই বছরের নভেম্বর মাসে আরবি বর্ণমালা পরিবর্তন করে লাতিন বর্ণমালা চালু করা হয়। . . .

উৎস: "এটাতুর্কের সংস্কার" (Atatürk's Reforms), *দ্য তুর্কিশ ইয়ারবুক অব ইন্টারন্যাশনাল রিলেশনস* (The Turkish Yearbook of International Relations), আঙ্কারা বিশ্ববিদ্যালয় প্রেস, 1979

25 এই অনুচ্ছেদের মাধ্যমে এটাতুর্ক (Atatürk) সম্পর্কে কোন তথ্য সবচেয়ে সমর্থনযোগ্য?

(1) তিনি অ্যাডাম স্মিথ (Adam Smith)-এর ধারনার প্রতি কঠোরভাবে বিশ্বাসী ছিলেন।
(2) তিনি পাশ্চাত্যকরণের পক্ষে ছিলেন।
(3) তিনি ধর্মনিরপেক্ষতার বিরোধী ছিলেন।
(4) তিনি তাঁর ধারণাগুলি শরিয়া আইনের মূল ধারণার উপর ভিত্তি করে গড়ে তুলেছিলেন।

26 এই অনুচ্ছেদে বর্ণিত নীতিগুলি কোন ঘটনার ফলে তৈরি হয়েছে?

(1) ইরানী বিপ্লব
(2) অটোমান সাম্রাজ্যের পতন
(3) প্রথম বিশ্বযুদ্ধে মুঘলদের বিজয়
(4) দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর ম্যান্ডেট সিস্টেম

27 নম্বর প্রশ্নের উত্তর নিচে দেওয়া কার্টুন এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের ভিত্তিতে দিন।




উৎস: ডেনি প্রিচার্ড, *অটাওয়া সিটিজেন* (Ottawa Citizen), 1995

27 এই কার্টুনিস্টের দৃষ্টিকোণ থেকে জাতিসংঘ(UN) সম্পর্কে কোন বিবৃতিটি সবচেয়ে ভালোভাবে বর্ণনা করা হয়েছে?

(1) জাতিসংঘের শান্তিরক্ষা ব্যবস্থা ভেঙে পড়েছে।
(2) জাতিসংঘের শান্তিরক্ষা প্রচেষ্টার ফলে মানুষ নিরাপদ।
(3) দেওয়ালগুলো জাতিসংঘের সবচেয়ে কার্যকর শান্তিরক্ষার উপায়।
(4) জাতিসংঘের শান্তিরক্ষা প্রচেষ্টাগুলোর পেছনে অনেক মানুষের সমর্থন রয়েছে।

---

28 নম্বর প্রশ্নের উত্তর নিচে দেওয়া প্রবন্ধ এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের ভিত্তিতে দিন।

> . . . ডিসেম্বরে, [ওয়েল] ঘোনিম ([Wael] Ghonim), যিনি এখন সিলিকন ভ্যালিতে চলে গেছেন, একটি টেড টক পোস্ট করেছিলেন যা, কী ভুল হয়েছে তা নিয়ে। এটি দেখার যোগ্য এবং শুরু হয় এমনভাবে: "আমি একবার বলেছিলাম, 'যদি আপনি একটি সমাজকে মুক্ত করতে চান, আপনার যা প্রয়োজন তা হল ইন্টারনেট।' আমি ভুল ছিলাম। আমি এই কথাগুলি 2011 সালে বলেছিলাম, যখন একটি ফেসবুক পেজ আমি গোপনে তৈরি করেছিলাম যা মিশরীয় বিপ্লবের স্ফুলিঙ্গ জ্বালিয়েছিল। আরব বসন্ত সামাজিক মাধ্যমের বৃহত্তম সম্ভাবনা প্রকাশ করেছিল, কিন্তু এটি এর সবচেয়ে বড় দুর্বলতাও তুলে ধরেছিল। একই সরঞ্জাম যা আমাদের একত্রিত করেছিল স্বৈরশাসকদের পতন ঘটাতে, শেষ পর্যন্ত আমাদের আলাদা করে দিয়েছিল।". . .

থমাস এল. ফ্রিডম্যান, "সোশ্যাল মিডিয়া: ডেস্ট্রয়ার অথবা ক্রিয়েটর?" (Social Media: Destroyer or Creator?), *নিউ ইয়র্ক টাইমস* (New York Times), 3 ফেব্রুয়ারি, 2016

28 এই প্রবন্ধের ভিত্তিতে ইন্টারনেট সম্পর্কে কোন দাবিটি যথাযথভাবে সমর্থনযোগ্য?

(1) এটি ঐতিহ্যবাহী যোগাযোগ মাধ্যমের চেয়ে ধীর।
(2) এটি কেবল তরুণ, শহুরে মানুষদের কাছে জনপ্রিয়।
(3) এটি সবসময় সঠিক তথ্যের একটি উৎস।
(4) এটি বিভিন্ন রাজনৈতিক মতাদর্শ প্রচারে ব্যবহৃত হতে পারে।

এই পৃষ্ঠা ইচ্ছাকৃত ভাবে ফাঁকা রাখা হয়েছে।

**নাম** ______________________________ **স্কুল** ______________________________

**প্রদত্ত স্থানে 29–34b প্রশ্নগুলির উত্তর লিখুন। এই প্রশ্নগুলির উত্তর দিতে কালো বা গাঢ় রঙের কালির পেন ব্যবহার করুন।**

## ভাগ II

## অল্প কথায় গঠিত প্রতিক্রিয়ামূলক প্রশ্নসমূহ (CRQ)

**এই প্রশ্নগুলি প্রদত্ত নথির ভিত্তিতে তৈরি এবং ঐতিহাসিক নথি নিয়ে কাজ করার বিষয়ে আপনার দক্ষতা কেমন, সেটা পরীক্ষা করার জন্য তৈরি করা হয়েছে। গঠিত প্রতিক্রিয়ামূলক প্রশ্নের (CRQ) প্রতিটি সেট 2টি নথি দ্বারা গঠিত। এই প্রশ্ন তৈরি করার জন্য এদের মধ্যে কয়েকটি নথিকে সম্পাদিত করা হয়েছে। মনে রাখবেন, কোনো নথিতে ব্যবহৃত ভাষা ও ছবি সেই নথি তৈরি করার সময়ের পরিপ্রেক্ষিতকে প্রতিফলিত করতে পারে।**

ভাগ II-এর উত্তর দেওয়ার সময়, এই ব্যাখ্যাগুলি অবশ্যই মনে রাখবেন:

**শনাক্ত করুন**—মানে হলো একটা নাম দেওয়া বা নাম করা।

**ব্যাখ্যা করুন**—মানে হলো সরল করে বলা বা বোধগম্য করে বলা; কোনো কিছুর কারণ বলা বা কারণ দর্শানো; কোনো কিছুর যুক্তিসম্মত বিকাশ বা সম্পর্ক দেখানো।

---

**সংক্ষিপ্ত উত্তর CRQ সেট 1 কাঠামো**

- প্রশ্ন 29 নথি 1 ব্যবহার করে (প্রসঙ্গ)
- প্রশ্ন 30 নথি 2 ব্যবহার করে (উৎস)
- প্রশ্ন 31 নথি 1 ও 2 ব্যবহার করে (নথিগুলির মধ্যে সম্পর্ক)

---

**সংক্ষিপ্ত উত্তর CRQ সেট 2 কাঠামো**

- প্রশ্ন 32 নথি 1 ব্যবহার করে (প্রসঙ্গ)
- প্রশ্ন 33 নথি 2 ব্যবহার করে (উৎস)
- প্রশ্ন 34a ও 34b নথি 1 ও 2 ব্যবহার করে (নথিগুলির মধ্যে সম্পর্ক)

---

***CRQ সেটের 1 নির্দেশনা* (29–31):** নথিগুলি বিশ্লেষণ করে এবং প্রতিটি নথির নিচে প্রদত্ত স্থানে সংক্ষিপ্ত উত্তরের প্রশ্নগুলোর উত্তর লিখুন।

29 দিন।নিচে দেওয়া নথি 1 এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের ভিত্তিতে 29 নম্বর প্রশ্নের উত্তর দিন।

**নথি 1**




উৎস: *পোর্টসমাউথ পিস ট্রিটি ওয়েবসাইট* (Portsmouth Peace Treaty website) (অভিযোজিত)

**ভৌগোলিক প্রেক্ষাপট**—যেখানে এই ঐতিহাসিক পরিবর্তন/ঘটনা ঘটছে এবং কেন এটি সেখানে ঘটছে তা বোঝায়।

29 এই মানচিত্রে প্রদর্শিত পরিবর্তনগুলির জন্য ভৌগোলিক প্রেক্ষাপট ব্যাখ্যা করুন। [1]

Score

30 নম্বর প্রশ্নের উত্তর নিচে দেওয়া নথি 2 এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

## নথি 2

নিচে একটি বিদেশী প্রতিবেদন রয়েছে যা আই হো চুয়ান দ্বারা গৃহীত পদক্ষেপগুলিকে নির্দেশ করে, যা পশ্চিমে বক্সার নামেও পরিচিত। এই লেখক আমেরিকান বাইবেল সোসাইটির ড. জন হাইকস (Dr. John Hykes)-এর উক্তি এবং চীন সরকারের একজন আমেরিকান কর্মকর্তা এডউইন কংগার (Edwin Conger)-এর দেওয়া তথ্য অন্তর্ভুক্ত করেছেন।

**উত্তর চীনে আতঙ্ক**

**খ্রিস্টান ধর্মান্তরিতদের বাড়ি ভাঙার জন্য সংগঠিত গোষ্ঠী।**

**বক্সারদের লুটপাট এবং হত্যাকাণ্ড—বিদেশিদের বিতাড়িত করবে—সরকারের ষড়যন্ত্রের সন্দেহ [পরিকল্পনা]।**

বিদেশী সংবাদদাতা, «নিউ ইয়র্ক টাইমস»(New York Times) ।

টিয়েন-চিন, 10 ফেব্রুয়ারি।–উত্তর চীনের অশান্তির একটি বুদ্ধিদীপ্ত বর্ণনা দিতে, আমাকে বিদ্রোহের শুরু থেকে একটি সংক্ষিপ্ত সারসংক্ষেপ লিখতে হবে। যদিও এটি মূলত শানডং প্রদেশে সীমাবদ্ধ, এটি উত্তরে খ্রিস্টানদের সব কাজকে গুরুতরভাবে প্রভাবিত করছে এবং দ্রুত ব্যাপক আকার ধারণ করছে এবং গ্রাম থেকে গ্রামে একটি দাবানলের মতো ছড়িয়ে পড়ছে। আমি স্থানীয় এবং বিদেশী উভয় উৎস থেকে যতটা সম্ভব তথ্য সংগ্রহ করেছি, তবে শুধুমাত্র প্রমাণিত তথ্যই উপস্থাপন করা জরুরি হওয়ায়, আমি শুধুমাত্র সঠিকভাবে প্রমাণিত বিবৃতিগুলিই দেব। নিচে দেওয়া বেশিরভাগ বিবৃতি আমাদের আমেরিকান মিশনারিদের মাধ্যমে মন্ত্রী কঙ্গার (Conger)-এর কাছে আনুষ্ঠানিকভাবে জানানো হয়েছে এবং এগুলোতে অগণিত অত্যাচারের রিপোর্ট অন্তর্ভুক্ত নেই, যার সম্পর্কে আমাদের কাছে নির্ভরযোগ্য তথ্য নেই। . . .

আই হো চুয়ান, রাইটিয়াস হারমনি ফিস্টস, যা সাধারণত "বক্সার্স" নামে পরিচিত, একটি তথাকথিত গোপন সমাজ যা প্রায় এক বছর আগে প্রথমবারের মতো দেখা দেয়। এটি দ্রুত বিভিন্ন বয়সের পুরুষদের আকর্ষণ করেছে যারা ছোট ছোট জিমন্যাস্ট দল গঠন করেছে। প্রতিটি দলে একটি "ভৌতিক" নেতা ছিল, যিনি একজন মৃগী রোগীকে [সিজিওর থাকা] নির্বাচন করে অথবা হিপনোটিজমের সাহায্যে একজন "মধ্যস্থকারী" ব্যক্তিকে অস্বাভাবিক বা অদ্ভু ত লক্ষণ দেখাতে বাধ্য করতেন অথবা অদ্ভু ত ও বিচিত্র কথা বলাতে বাধ্য করতেন এবং এই আচরণ এই সমাজের আধ্যাত্মিক ক্ষমতার দাবির ভিত্তি হিসেবে কাজ করত। অনুগামীরা নিশ্চিত ছিল যে তারা মৃত্যু বা শারীরিক আঘাত থেকে রক্ষা পাবে, কারণ তাদের শরীরকে আধ্যাত্মিকভাবে তলোয়ার ও গুলির আঘাত থেকে সুরক্ষিত করা হয়েছে। . . .

উৎস: *নিউ ইয়র্ক টাইমস* (New York Times), 30 মার্চ, 1900

30 এই উদ্ধৃতির ওপর ভিত্তি করে ব্যাখ্যা করুন, এই প্রবন্ধটি আই হো চুয়ান-কে বর্ণনা করার সময় কীভাবে পক্ষপাতিত্ব করে। [1]

________________________________________

________________________________________

________________________________________

Score

31 নম্বর প্রশ্নের উত্তর নিচে দেওয়া নথি 1 ও 2 ***দুটিই*** ব্যবহার করে এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

**কারণ—**বলতে এমন বিষয়কে বোঝায়, যেটি কোনো ঘটনা সংঘটিত হওয়ার পেছনে কাজ করে বা কোনো ধারণা সৃষ্টিতে প্রভাব ফেলে অথবা কোনো কিছু বিকশিত হওয়ার পেছনে দায়ী থাকে।

**প্রভাব—**বলতে কোনো ঘটনা, ধারণা বা কিছুর বিকাশের পরিণাম (ফলাফল, প্রভাব, পরিণতি)-কে বোঝায়।

31 এই নথিগুলিতে প্রাপ্ত কার্য-কারণ সম্পর্ক শনাক্ত করুন ***এবং***ব্যাখ্যা করুন। আপনার উত্তরে নথি 1 ও 2 ***উভয়*** থেকে অবশ্যই প্রমাণ ব্যবহার করবেন। [1]

Score

***CRQ সেটের 2 নির্দেশনা* (32–34b):** নথিগুলি বিশ্লেষণ করে এবং প্রতিটি নথির নিচে প্রদত্ত স্থানে সংক্ষিপ্ত উত্তরের প্রশ্নগুলোর উত্তর লিখুন।

32 নম্বর প্রশ্নের উত্তর নথি 1 এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

**নথি 1**

**কেপ টাউন, দক্ষিণ আফ্রিকা, 1967 সালের একটি ফটোগ্রাফ।**




উৎস: *দ্য গার্ডিয়ান* (The Guardian)

32 এই ছবিতে দেখানো পরিস্থিতির পেছনে ঐতিহাসিক প্রেক্ষাপট ব্যাখ্যা করুন। [1]

Score

33 এর প্রশ্নটির উত্তর নিচে দেওয়া নথি 2 ও আপনার সমাজ বিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

**নথি 2**

1990 সালের 2 ফেব্রুয়ারি, দক্ষিণ আফ্রিকার প্রেসিডেন্ট এফ. ডব্লিউ. ডে ক্লার্ক (F. W. de Klerk) পার্লামেন্টের উদ্বোধনে একটি বক্তৃতা দেন। এই বক্তৃতার শ্রোতাদের মধ্যে দক্ষিণ আফ্রিকার শ্বেতাঙ্গ সরকারের সদস্যরা এবং বিদেশি রাষ্ট্রদূতরা ছিলেন, এবং এটি দক্ষিণ আফ্রিকা ও সারা বিশ্বে টেলিভিশন ও রেডিওতে সম্প্রচারিত হয়। বক্তৃতায়ডে ক্লার্ক (de Klerk) দক্ষিণ আফ্রিকার জন্য তার লক্ষ্যগুলোর কথা উল্লেখ করেন।

. . .আমাদের দেশ এবং এর সব মানুষ কয়েক দশক ধরে সংঘাত, উত্তেজনা এবং সহিংস লড়াইয়ে জড়িত রয়েছে। এখনই সময় আমাদের জন্য হিংসার চক্র থেকে বেরিয়ে আসার এবং শান্তি ও পুনর্মিলনের দিকে অগ্রসর হওয়ার। নীরব সংখ্যাগরিষ্ঠরা এর জন্য আকুল প্রতীক্ষায় আছে। তরুণ প্রজন্ম এর যোগ্য।

সরকার যে পদক্ষেপ নিয়েছে তা তার আন্তরিকতার প্রমাণ দিয়েছে এবং বিবেকবান নেতাদের জন্য একটি নতুন [ব্যবস্থা] সম্পর্কে কথোপকথন শুরু করার, সংলাপ আলোচনার মাধ্যমে সমঝোতায় পৌঁছানোর পথ প্রশস্ত করেছে।

এখন আলোচনার বিষয়বস্তু উন্মুক্ত, এবং আমাদের যেসব সাধারণ লক্ষ্য রয়েছে, সেগুলো সব যুক্তিসঙ্গত দক্ষিণ আফ্রিকার মানুষের কাছে গ্রহণযোগ্য হওয়া উচিৎ।

এই লক্ষ্যগুলোর মধ্যে রয়েছে একটি নতুন, গণতান্ত্রিক সংবিধান; সর্বজনীন ভোটাধিকারের [ভোট] ব্যবস্থা; কোন প্রভাবশালী কর্তৃত্ব নয়; স্বাধীন বিচার ব্যবস্থার সামনে সমতার অধিকার; সংখ্যালঘু এবং ব্যক্তিগত অধিকারের সুরক্ষা; ধর্মের স্বাধীনতা; প্রমাণিত অর্থনৈতিক নীতির ওপর ভিত্তি করে একটি শক্তিশালী অর্থনীতি এবং বেসরকারি উদ্যোগ; এবং সবার জন্য উন্নত শিক্ষা, স্বাস্থ্যসেবা, বাসস্থান এবং সামাজিক অবস্থার দিকে লক্ষ্য রাখা কর্মসূচি।

এই প্রসঙ্গে মি. নেলসন ম্যান্ডেলা (Mr. Nelson Mandela) একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারেন। সরকার লক্ষ্য করেছে যে তিনি দক্ষিণ আফ্রিকায় শান্তিপূর্ণ রাজনৈতিক প্রক্রিয়ায় গঠনমূলক অবদান রাখতে প্রস্তুত বলে ঘোষণা করেছেন। . . .

উৎস: এফ. ডব্লিউ. ডি ক্লার্ক, সংসদের উদ্বোধনী ভাষণ, 2 ফেব্রুয়ারি, 1990

33 এই উদ্ধৃতির ভিত্তিতে ব্যাখ্যা করুন, ডে ক্লার্ক (de Klerk)-এর বক্তৃতায় শ্রোতাদের উপস্থিতি কীভাবে প্রভাব ফেলে। [1]

Score

34a এবং 34b নম্বর প্রশ্নের উত্তর নিচে দেওয়া নথি 1 এবং 2 ***উভয়*** এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের উপর ভিত্তি করে দিন।

**মোড়—**হল একটি বড় ঘটনা, ধারণা বা ঐতিহাসিক বিকাশ যার ফলে গুরুত্বপূর্ণ পরিবর্তন সাধিত হয়েছিল। এই পরিবর্তন স্থানীয়, আঞ্চলিক, জাতীয় বা বৈশ্বিক হতে পারে।

34a–34b নিচে দেওয়া নথি 1 ও 2-এর ***দুটিই*** ব্যবহার করে এবং আপনার সমাজবিদ্যার জ্ঞানের ভিত্তি করে উত্তর দিন:

a) নথি 1 ***এবং*** 2-এ যে ঐতিহাসিক পরিবর্তন দেখা যাচ্ছে, তার সাথে প্রত্যক্ষভাবে সংযুক্ত একটি মোড় শনাক্ত করুন। [1]

b) আপনি যে মোড় শনাক্ত করেছেন, সেটা কিভাবে উল্লেখযোগ্য পরিবর্তন সৃষ্টি করেছে, তা নথি 1 ***এবং*** 2-এর থেকে প্রমাণ ব্যবহার করে ব্যাখ্যা করুন। [1]

34a Score

34b Score

## অংশ III

**(প্রশ্ন 35)**

**দীর্ঘস্থায়ী সমস্যা সংক্রান্ত রচনা**

প্রশ্নগুলি প্রদত্ত নথিগুলির ভিত্তিতে তৈরি। ঐতিহাসিক নথি নিয়ে কাজ করার বিষয়ে আপনার দক্ষতা কেমন, সেটা পরীক্ষা করার জন্য এই প্রশ্ন তৈরি করা হয়েছে। এই প্রশ্ন তৈরি করার জন্য এদের মধ্যে কয়েকটি নথিকে সম্পাদিত করা হয়েছে। নথিপত্র বিশ্লেষণ করার সময় প্রতিটি নথির উৎস এবং এই নথিতে উপস্থাপন করা যেতে পারে এমন যেকোনো দৃষ্টিভঙ্গি উপস্থাপন করবেন। মনে রাখবেন, কোনো নথিতে ব্যবহৃত ভাষা ও ছবি সেই নথি তৈরি করার সময়ের পরিপ্রেক্ষিতকে প্রতিফলিত করতে পারে।

***নির্দেশনা:*** পাঁচটি নথির প্রতিটি পড়ে বিশ্লেষণ করুন এবং একটি সুগঠিত রচনা লিখুন, যাতে ভূমিকা, কয়েকটি অনুচ্ছেদ ও একটি উপসংহার থাকবে। আপনার সমাজবিদ্যার জ্ঞান এবং নথি থেকে প্রাপ্ত প্রমাণের ভিত্তিতে প্রাসঙ্গিক তথ্য, উদাহরণ ও বিস্তারিত তথ্য সহকারে উত্তরটি সমর্থন করুন।

**কোনো দীর্ঘস্থায়ী সমস্যা হল এমন চ্যালেঞ্জ বা সমস্যা যা দীর্ঘকাল ধরে আলোচিত বা বিতর্কিত। দীর্ঘস্থায়ী সমস্যা হল এমন একটি সমস্যা, যেটি বহু সমাজে বিভিন্ন পর্যায়ের সফলতার সঙ্গে মোকাবিলা করার চেষ্টা করা হয়েছে।**

**কাজ:**

- এই নথির সেটগুলি থেকে প্রাপ্ত দীর্ঘস্থায়ী সমস্যা শনাক্ত করুন ***এবং*** তার ব্যাখ্যা প্রদান করুন।
- এই সমস্যা গুরুত্বপূর্ণ কেন, তা যুক্তি দিয়ে বলুন ***এবং*** এত সময়কাল ধরে এই সমস্যা কিভাবে থেকে গেছে, তা সমাজবিদ্যার বিষয়ে আপনার জ্ঞান এবং নথি থেকে প্রমাণ ব্যবহার করে লিখুন।

**আপনার রচনায় অবশ্যই,**

- *অন্তত* ***তিনটি*** নথি থেকে ঐতিহাসিকভাবে নির্ভুল ব্যাখ্যার ভিত্তিতে দীর্ঘস্থায়ী সমস্যা শনাক্ত করুন।
- *অন্তত* ***তিনটি*** নথি থেকে প্রাসঙ্গিক প্রমাণ সহ সমস্যাটি ব্যাখ্যা করুন
- এই গুরুত্বপূর্ণ সমস্যাটি দীর্ঘকাল ধরে রয়েছে, তা এগুলির মাধ্যমে বলুন:
  - সমস্যাটি কিভাবে মানুষকে প্রভাবিত করেছে বা মানুষের দ্বারা প্রভাবিত হয়েছে
  - সমস্যাটি কিভাবে সমস্যা হিসাবে রয়ে গেছে বা সময়ের সাথে সাথে পরিবর্তিত হয়েছে
- আপনার সমাজবিদ্যার জ্ঞানের ভিত্তিতে বাইরের থেকেও প্রাসঙ্গিক তথ্য অন্তর্ভুক্ত করুন

ভাগ III-এর উত্তর দেওয়ার সময়, এই ব্যাখ্যাগুলি অবশ্যই মনে রাখবেন:

**শনাক্ত করুন—**মানে হলো একটা নাম দেওয়া বা নাম করা।

**ব্যাখ্যা করুন—**মানে হলো সরল করে বলা বা বোধগম্য করা বলা; কোনো কিছুর কারণ বলা বা কারণ দর্শানো; কোনো কিছুর যুক্তিসম্মত বিকাশ বা সম্পর্ক দেখানো।

**যুক্তি দিন—**মানে হলো এমন বিবৃতি প্রদান করা, যা কোনো উপসংহারের সমর্থনে প্রমাণ ও কারণ প্রদান করে।

**নথি 1**

. . . 1789 সালে, গভীরতর সংকট প্রতিরোধ করার জন্য [এড়াতে], লুই (Louis) রাজি হলেন 'স্টেটস জেনারেল' (এক ধরনের সংসদ, কিন্তু প্রকৃত ক্ষমতা ছাড়াই) আহ্বান করতে, যাতে কর বাড়ানো যায়। এটি ছিল 1614 সালের পর প্রথমবারের মতো এই পরিষদের বৈঠক। লুই (Louis)-এর তিনটি স্তর—প্রথম (যাজক), দ্বিতীয় (অভিজাত) এবং তৃতীয় (জনসাধারণ)—কে একসঙ্গে বৈঠক করার অনুমতি না দেওয়ার কারণে ক্ষুব্ধ হয়ে তৃতীয় স্তর নিজেদের জাতীয় পরিষদ ঘোষণা করে, জানিয়ে দেয় যে শুধুমাত্র তাদেরই জাতির প্রতিনিধিত্ব করার অধিকার আছে।

রাজা যে পরিষদ দমন করার ইচ্ছা পোষণ করছেন এমন গুজব 14 জুলাই 1789 সালে বাস্তিল কারাগার, যা দমনমূলক রাজকীয় ক্ষমতার প্রতীক ছিল, তার আক্রমণকে উসকে দেয়। অক্টোবর মাসে, লুই (Louis) এবং তার পরিবারকে জনতা তাদের ভের্সাইয়ের প্রাসাদ থেকে প্যারিসে ফিরে আসতে বাধ্য করে। জুন 1791-এ, তারা পালানোর চেষ্টা করে, যা লুই (Louis)-এর বিদেশি শক্তির সঙ্গে বিশ্বাসঘাতকতার প্রমাণ হিসেবে দেখা হয়। তাকে নতুন সংবিধান গ্রহণ করতে বাধ্য করা হয়েছিল, ফলে একটি সাংবিধানিক রাজতন্ত্র প্রতিষ্ঠিত হয়। . . .

উৎস: "ঐতিহাসিক ব্যক্তিত্ব: লুই ষোড়শ (1754-1793)" (Historic Figures: Louis XVI (1754-1793)), বিবিসি হিস্ট্রি অনলাইন (BBC History online), 2014

**নথি 2**

বেলজিয়ামের রাজা লিওপোল্ড দ্বিতীয় (Leopold II) কঙ্গোর অঞ্চলটিতে তার আধিপত্য বাড়িয়েছিলেন।

> . . .1885 সালে কঙ্গো স্বাধীন রাষ্ট্র হিসেবে প্রতিষ্ঠিত, লিওপোল্ড (Leopold)-এর খেলার মাঠ ছিল বেলজিয়ামের 76 গুণ বড়। মূলত মানচিত্রে অঙ্কিত না থাকা জঙ্গলে ভরা এই অঞ্চলটি প্রথমে ছিল একটি বিশাল আর্থিক বোঝা। কিন্তু যখন সারা বিশ্বে রাবারের চাহিদা বেড়ে গেল, লিওপোল্ড লিওপোল্ড (Leopold) শুরু করল। কঙ্গোর শ্রমিকদের বনে পাঠানো হত দ্রাক্ষালতা কাটতে যাতে নিজেদের শরীরে রাবারের ল্যাটেক্স দিয়ে স্তরিত করতে পারে। পরে তারা তা ত্বক থেকে ঘষে তুলতো—অনেক সময় মাংস এবং চুলও উঠে যেত। এটি ছিল শ্রমসাধ্য এবং স্বাস্থ্যের জন্য ক্ষতিকর কাজ; রাবার সংগ্রহের একমাত্র সাশ্রয়ী উপায় ছিল কঙ্গো সমাজের জোরপূর্বক নিয়োগ। কঙ্গো স্বাধীন রাষ্ট্র হিসাবে খ্যাতির অধিকার থেকে ক্রীতদাস প্রথার বিকাশের অন্যতম স্থানে পরিণত হয়েছিল। . . .

উৎস: টিম স্ট্যানলি, “বেলজিয়ামের অন্ধকারের কেন্দ্র” (Belgium’s Heart of Darkness), *হিস্ট্রি টুডে* (History Today), 10 অক্টোবর, 2012

## নথি 3

1940 থেকে 1960 সালের মধ্যে, এভফ্রোনসিনিয়া কেরস্নোভস্কায়া (Evfronsiniia Kersnovskaia) সাইবেরিয়ায় নির্বাসিত হন এবং সোভিয়েত বন্দি শিবিরে সময় কাটান। 1964 সাল থেকে, তিনি তার অভিজ্ঞতা লেখা এবং চিত্রাঙ্কন করা শুরু করেন।

> "সংশোধনমূলক শ্রম শিবিরে আসাটা ছিল অবমাননাকর চরম পরিণতি। প্রথমে আমাদের সম্পূর্ণ নগ্ন হতে বাধ্য করা হয় এবং কিছু ছাদহীন ঘেরা জায়গার মধ্যে মধ্যে ঠেলে দেওয়া হয়। আমাদের মাথার উপরে তারা ঝিকমিক করছিল; নীচে আমাদের খালি পায়ের নিচে জমাটবদ্ধ মল ছিল। প্রতিটি ঘর ছিল 3 বর্গফুট। প্রতিটি ঘরে তিন থেকে চার জন উলঙ্গ, কম্পিত এবং ভীত পুরুষ ও মহিলা ছিল। এরপর এই 'কেনেল কেজ'গুলো একের পর এক খোলা হলো এবং নগ্ন মানুষগুলোকে একটি আঙ্গিনায় নিয়ে যাওয়া হলো, যেটা ছিল 'শিবিরের ফয়্যারের [প্রবেশদ্বার]' মতো—একটি বিশেষ ভবন, যেখানে আমাদের নথিগুলো 'তৈরি' করা হলো এবং আমাদের জিনিসপত্র 'তল্লাশি' করা হলো।
>
> তল্লাশির উদ্দেশ্য ছিল আমাদেরকে ছেঁড়া কাপড় পরানো এবং নিজেদের জন্য ভালো জিনিসগুলো—'সোয়েটার, মিটেন, মোজা, স্কার্ফ, ভেস্ট এবং ভালো জুতো' নিয়ে নেওয়া। দশজন চোর নির্লজ্জভাবে এই নিরন্ন এবং প্রায় মৃত মানুষদের থেকে জিনিসপত্র লুট করল।
>
> 'সংশোধন' হল কিছু যা আপনাকে আরও ভাল করে তুলবে, এবং 'শ্রম' আপনাকে মহিমান্বিত করে। কিন্তু 'শিবির'? শিবির তো জেল না, তাহলে আসলে এখানে কি চলছে?"

উৎস: "গুলাগ: সোভিয়েত বাধ্যতামূলক শ্রম শিবির এবং স্বাধীনতার জন্য সংগ্রাম" (Gulag: Soviet Forced Labor Camps and the Struggle for Freedom), গুলাগ:অনেক দিন, অনেক জীবন, অনলাইন প্রদর্শনী (Gulag: Many Days, Many Lives, Online Exhibit), সেন্টার ফর হিস্ট্রি অ্যান্ড নিউ মিডিয়া, জর্জ ম্যাসন বিশ্ববিদ্যালয়, 2006–2021

**নথি 4**

“মুদ্রণের জন্য উপযুক্ত সব খবর”

# নিউ ইয়র্ক টাইমস।

সন্ধ্যাকালীন শহর সংস্করণ

আজ অধিকাংশতঃ রৌদ্রোজ্জ্বল আকাশ। আগামীকাল আকাশ পরিষ্কার এবং দিন উষ্ণতর।

Temperatures Yesterday—Max., 54; Min., 45
Sunrise today, 5:53 A. M.; Sunset, 5:38 P. M.
Full U. S. Weather Bureau Report, Page 59

কপিরাইট, 1968, নিউ ইয়র্ক টাইমস কোম্পানির মালিকানাধীন

সংস্করণ. XCVI...নং. 32,393. | Entered as Second-Class Matter, Postoffice, New York, N. Y. | নিউইয়র্ক, বুধবার, 2 অক্টোবর, 1946 | তিন সেন্ট | নিউইয়র্ক শহরে

***12 জন নাৎসি যুদ্ধ নেতাকে ফাঁসির আদেশ; অক্টোবরের মধ্যে মৃত্যুদণ্ড কার্যকর, তালিকার শীর্ষে রয়েছেন গোয়ারিং (GOERING) 16 জনের মধ্যে হেস (HESS)-কে আজীবন কারাদণ্ড, বাকিদের মধ্যে ছয়জনকে কারাগারে পাঠানোর আদেশ***

উৎস: নিউ ইয়র্ক টাইমস (New York Times), 2 অক্টোবর, 1946

**নথি 5**

সাদ্দাম হুসেইন (Saddam Hussein) আধুনিক সময়ের প্রথম বিশ্ব নেতা যিনি তার নিজের জনগণের বিরুদ্ধে নির্মমভাবে রাসায়নিক অস্ত্র ব্যবহার করেছিলেন। তার উদ্দেশ্য ছিল উত্তর ইরাকের কুর্দ জনগণকে নিয়মিতভাবে ভয় দেখানো এবং নির্মূল করা, সমালোচকদের মুখ বন্ধ করা, এবং তার রাসায়নিক ও জৈবিক অস্ত্রের কার্যকারিতা পরীক্ষা করা। 1987-88 সালে হুসেইন (Hussein) 40টি কুর্দ গ্রামের ওপর রাসায়নিক হামলা চালায় এবং হাজার হাজার নিরীহ মানুষকে আটক করে, সেগুলিকে পরীক্ষার স্থল হিসাবে ব্যবহার করে। এই হামলাগুলোর মধ্যে সবচেয়ে ভয়াবহ হামলা ছিল 16 মার্চ, 1988 সালে যাতে হালাবজা শহর ধ্বংস হয়ে গিয়েছিল।

উৎস: জন প্রশাসন ব্যুরো, “সাদ্দামের রাসায়নিক অস্ত্র অভিযান: হালাবজা, 16 মার্চ, 1988” (“Saddam’s Chemical Weapons Campaign: Halabja, March 16, 1988), মার্কিন যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তরের আর্কাইভ অনলাইন (U.S. Department of State Archive online), 14 মার্চ, 2003

## ঐচ্ছিক পরিকল্পনা পৃষ্ঠা

## দীর্ঘস্থায়ী সমস্যা সংক্রান্ত রচনা পরিকল্পনা পৃষ্ঠা

আপনি চাইলে আপনার প্রতিক্রিয়া পরিকল্পনা করতে পরিকল্পনা পৃষ্ঠা সংগঠক ব্যবহার করতে পারেন, কিন্তু এই পৃষ্ঠায় আপনার প্রবন্ধের প্রতিক্রিয়া লিখবেন না। এই পরিকল্পনা পৃষ্ঠায় লিখলে আপনার চূড়ান্ত স্কোরে অতিরিক্ত কোনো নম্বর গণনা করা হবে **না**।

আমার দীর্ঘস্থায়ী সমস্যা হল:____________________________________________

| রচনার প্রয়োজনীয়তা | হ্যাঁ | যে নথি লাগবে সেটার চারপাশে বৃত্ত আঁকুন | বাইরের তথ্যের জন্য এক বা দুটি সম্ভাব্য ধারণা দিন |
|---|---|---|---|
| এই সমস্যাটি কি *অন্তত **তিনটি*** নথি দ্বারা সমর্থিত?<br><br>কোন নথিগুলি এই সমস্যা সমর্থন করছে? | | 1 2 3 4 5 | |
| এই সমস্যা নিয়ে ব্যাখ্যা তৈরি করতে কোন কোন নথি ব্যবহার করা যেতে পারে? | | 1 2 3 4 5 | |
| সমস্যাটি মানুষকে উল্লেখযোগ্যভাবে প্রভাবিত করেছে বা মানুষের দ্বারা প্রভাবিত হয়েছে কি?<br><br>কোন নথি(গুলি)-তে আপনি তা দেখেছেন? | | 1 2 3 4 5 | |
| এই সমস্যা কি অনেক সময় ধরে রয়ে গেছে বা সময়ের সাথে পরিবর্তিত হয়েছে?<br><br>কোন নথি(গুলি)-তে আপনি তা দেখেছেন? | | 1 2 3 4 5 | |

কাজটি পর্যালোচনা করার জন্য আবার পৃষ্ঠা **26**-এ ফিরে যান।

রচনা পুস্তিকাটিতে রেখাযুক্ত পৃষ্ঠাগুলিতে আপনার রচনা লিখুন।

GLOBAL HISTORY AND GEOGRAPHY II BENGALI EDITION

পুনর্ব্যবহারযোগ্য কাগজে মুদ্রিত হয়েছে

GLOBAL HISTORY AND GEOGRAPHY II BENGALI EDITION